ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৪৫১

জিরানীয়া, ২৫ আগস্ট, ২০২৬

**জিরানীয়া মহকুমা প্রশাসনের নতুন আবাসন নির্মাণ হবার ফলে প্রশাসনিক কাজের গতি বাড়বে : পর্যটন মন্ত্রী**




জিরানীয়া মহকুমা প্রশাসনের আধিকারিক ও কর্মচারিদের জন্য নবনির্মিত টাইপ-৪ ও টাইপ-৫ কোয়ার্টারের উদ্বোধন করা হয়েছে। আজ মহকুমা শাসক কার্যালয়ের পার্শ্ববর্তী জায়গায় নবনির্মিত আবাসনগুলির উদ্বোধন করেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী। উদ্বোধনের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে পর্যটনমন্ত্রী বলেন, মহকুমা অফিস একটি গুরুত্বপূর্ণ প্রশাসনিক কেন্দ্র। মহকুমার বিভিন্ন প্রশাসনিক কাজকর্ম এই কার্যালয় থেকেই পরিচালিত হয়। তাই কার্যালয়ের কাছাকাছি আধিকারিক ও কর্মচারিদের আবাসনের ব্যবস্থা হওয়ায় তাঁরা কর্মক্ষেত্রে আরও বেশি সময় দিতে পারবেন। তিনি বলেন, আধিকারিক ও কর্মচারিদের আবাসন কর্মস্থলের কাছাকাছি হওয়ায় প্রশাসনিক কাজে সময়ের সাশ্রয় হবে এবং বিভিন্ন কাজ দ্রুততার সঙ্গে সম্পন্ন করা সম্ভব হবে। এর ফলে প্রশাসনিক পরিষেবা আরও গতিশীল হবে এবং সাধারণ মানুষের কাছে সুশাসন পৌঁছে দেওয়ার কাজও সহজতর হবে।

এদিন জিরানীয়া মহকুমাশাসকের কার্যালয় চত্বরের মধ্যেই ডিড রাইটার্স এসোসিয়েশনের জিরানীয়া শাখার নবনির্মিত কার্যালয়েরও উদ্বোধন করেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী। গ্রামোন্নয়ন দপ্তরের আধিকারিক জানান, নবনির্মিত জিরানীয়া মহকুমা প্রশাসনের টাইপ-৪ ও টাইপ-৫ কোয়ার্টার নির্মাণে মোট ৩ কোটি ৮১ লক্ষ ৮২৩ টাকা ব্যয় হয়েছে। আজ এই কর্মসূচিতে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ, জিরানীয়া মহকুমার মহকুমা শাসক অনিমেষ ধর, অতিরিক্ত মহকুমাশাসক পামেলা সাহা, মহকুমা শাসক কার্যালয় এর ডিসিগন সহ বিশিষ্ট সমাজসেবী রণজিৎ রায় চৌধুরি, পশ্চিম ত্রিপুরা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য পার্থ সারথী সাহা এবং এলাকার বিশিষ্ট ব্যক্তিগন।

*******